

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর-০৭
ডক্টরা, ঢাকা-১২৩০
(মূসক নীতি ও বাস্তবায়ন শাখা)
www.dknvat.gov.bd

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তব(৪৪৬)/এ্যাবা ফ্যাশন/অব্যাহতি/২০১৯

তারিখ: / / ২০২৫ খ্রি।

আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাঁ-২৬/০৯/২০১৯ খ্রি অনুযায়ী এ্যাবা ফ্যাশনস লিঃ, ৫২১/১, গাছা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর: ০০০১৫৫৩২৮-০১০৩) নামীয় প্রতিষ্ঠানটি রঙানীমূল্যী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রঙানী কাজে ব্যবহৃত গ্যাস বিলের (সংযোজিত গ্যাস মিটার-০০৬২৩০৫০৮৯৪০০৮/২০২৩; ৮০১৫১১২৬/২০২৩) উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে এ দন্তের আবেদন করে। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমন্বিত পত্র নং-৫৫(৫), তারিখঃ ২১/০৮/২০২৫ খ্রি এর মাধ্যমে জনাব মোঃ ফরিদুল আলম, সহকারী কমিশনার; জনাব মোঃ শামসুল ইসলাম আকন, রাজস্ব কর্মকর্তা এবং মিজ নাহার-ই-আবিয়া, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১৪/০৫/২০২৫ খ্রি তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ৩০/০৬/২০২৫ খ্রি তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি জানুয়ারি, ২০২৪ খ্রি হতে ডিসেম্বর, ২০২৪ খ্রি পর্যন্ত সময়ে উৎসে মূসক বাবদ ২৪,৬৩,৬০৫/- (চৰিশ লক্ষ তেষটি হাজার ছয়শত পাঁচ) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রঙানীর বিপরীতে ০১/০৮/২০২৪ খ্রি হতে ৩১/১২/২০২৪ খ্�রি পর্যন্ত সময়ে প্রত্যাবসিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ২৮৩,১৩,২৮,২৪৮ টাকা। পরিশেষে তদন্ত দল উল্লেখিত টেবিলে বর্ণিত গ্যাস বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী এ্যাবা ফ্যাশনস লিঃ, ৫২১/১, গাছা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর: ০০০১৫৫৩২৮-০১০৩) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল

শিরোনাম সংখ্যা	সামগ্র্যস্বীকৃত নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	০০৬২৩০৫০৮৯৪০০৮/২০২৩	৩-৩২-০০-১৩৫৭-০০-০৬-১	১০০%
			৮০১৫১১২৬/২০২৩	৮-৩২-০০-১৩৫৭-০০-০৬-১	

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ. দ্বন্দ্বীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইক্রমে সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তক্রম মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মূদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঙ্গস্যাত্ত পেলে উক্ত অসামঙ্গস্যাত্ত এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ জনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে জনানী প্রক্রিয়াপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অন্য আদেশে বর্ণিত কোন শর্তের ব্যাতায় ঘটলে এ নষ্টব্যকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ প্রাপ্ত করতে হবে; এবং

ঙ. এ আদেশ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৩৪:

মোঃ সামুজুল ইসলাম

কমিশনার


ফোন: ০২-৪৮৯৫৮১১৫

ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তব(৪৪৬)/এ্যাবা ফ্যাশন/অব্যাহতি/২০১৯ | ২(৩৬৩)(৬) তারিখ: ১১/১১/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হলো (জোটাত ক্রমানুসারে নথি) :

- ১। মহাপরিচালক, উক্ত রেয়াড ও প্রত্যর্থ পরিদপ্তর, ৩২, তেপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভাটি বিভাগ, গাজীপুর। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম প্রাপ্তব্যের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন প্রবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ নষ্টব্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। হিন্টায় সচিব (মূসক বাস্তবানন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সফর্মেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ৫। ম্যানেজার, তিতাস গ্যাস ট্রান্সফর্মেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড, (জোবিঅ), জয়নেবপুর।
- ৬। সহকারী প্রেজামার, কাস্টমস এক্সাইজ ও ভাটি কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা প্রদেশের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভাটি, গাজীপুর সার্কেল-২। তাকে প্রতিষ্ঠানটির রাজনী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় নষ্টব্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, এ্যাবা ফ্যাশনস লিঃ, ৫২১/১, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর: ০০০১৫৫৩২৮-০১০০)।


মোঃ আহসানুল হক
সহকারী কমিশনার